

put up
in file.
28/11/19

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপ প্রকল্প পরিচালকের কার্যালয়
সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায়
“পল্লী ভবন”৫, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং-বিআরডিবি/সিভিডিপি ৩য় পর্যায়/প্রকল্প বাস্তবায়ন-১১/১৯/১১

তারিখ : ২৮/০১/২০১৯ খ্রি:

বরাবর

সহকারী প্রকল্প পরিচালক, সিভিডিপি ৩য় পর্যায়

ও

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড


উপজেলা: ; জেলা:

বিষয়: সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় শীর্ষক প্রকল্পের বিআরডিবি অংশের অন্তর্ভুক্ত উপজেলায় গ্রাম নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় শীর্ষক প্রকল্পের বিআরডিবি অংশের অন্তর্ভুক্ত নতুন ২৯টি উপজেলার ইউনিয়নসমূহ থেকে অগ্রাধিকার ভিত্তিতে প্রতিটি উপজেলায় ৬০ (ষাট) টি করে গ্রাম নির্বাচন করে সিভিডিপি ৩য় পর্যায় প্রকল্পের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কিমিটির সিদ্ধান্ত ও অনুমোদনসহ জরুরী ভিত্তিতে নিম্নোক্ত ছকে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর (নিকোশ ফন্টে সফট ও হার্ডকপি) ইমেইল ও ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। গ্রাম নির্বাচনের ক্ষেত্রে ১) গ্রামের খানা/জনসংখ্যার আধিক্য; ২) পশ্চাদপদ, অবহেলিত ও দারিদ্রপীড়িত এবং ৩) কর্মক্ষম জনসংখ্যার আধিক্য কিন্তু কর্মসংস্থানের অভাব এমন গ্রামকে অগ্রাধিকার দিতে হবে।

সমাপ্ত সিভিডিপি ২য় পর্যায় প্রকল্পভুক্ত বিআরডিবি অংশের ১৭ টি উপজেলাও সিভিডিপি ৩য় পর্যায় প্রকল্পভুক্ত হয়েছে। পুরাতন উক্ত ১৭ টি উপজেলায় নির্বাচিত গ্রামে ইতোপূর্বে গঠিত সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি বিদ্যমান আছে ও সংশ্লিষ্ট সমিতিসমূহে গ্রামকর্মী দায়িত্বরত আছেন। উক্ত সমিতিসমূহ ও সমিতির দায়িত্বরত গ্রামকর্মীদের (যারা এখনো দায়িত্বরত আছেন) নিবিড় তদারকীর মাধ্যমে অধিকতর কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ইতোমধ্যে কোন সমিতি অকার্যকর বা বাতিল হয়ে থাকলে এবং যদি তা আর সক্রিয় করা সম্ভব না হয় সেক্ষেত্রে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কিমিটির সিদ্ধান্ত ও অনুমোদনক্রমে স্থলাভিষিক্ত অপর একটি গ্রাম নির্বাচন করে সমিতি গঠন ও একজন গ্রামকর্মী মনোনীত করতে হবে। নতুন নির্বাচিত গ্রামের তালিকা যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক জরুরী ভিত্তিতে বর্ণিত ছকে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে পূর্বের গ্রাম ও সমিতিকে পুনরুজ্জীবিত ও কার্যকর করার বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। কারণ, পূর্বের গ্রাম ও সমিতিতে প্রশিক্ষণসহ সরকারী বিভিন্ন সেবা প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করে তাদের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করা হয়েছিল।

ক্র: নং	উপজেলা ও জেলার নাম	ইউনিয়নের নাম	নির্বাচিত গ্রামের নাম	নির্বাচিত গ্রামের মোট খানার সংখ্যা	নির্বাচিত গ্রামের মোট জনসংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭



মো: মোস্তাফিজ হোসেন

উপ প্রকল্প পরিচালক

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায়।

বিআরডিবি, ঢাকা।

Email:cvdp3brdb@gmail.com

অনুলিপি:

- ১) প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ২) উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার উপজেলা; জেলা।
- ৩) উপপরিচালক (প্রোগ্রামিং), বাপউবো, ঢাকা-বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৩) উপপরিচালক, বিআরডিবি জেলা।
- ৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাপউবো, ঢাকা।
- ৬) অফিস কপি।